

# কালের কণ্ঠ

আপডেট : ১৩ জানুয়ারি, ২০২০ ০১:৪৮

## হিসাবে নয়ছয় করে ১২ কোটি টাকার ভ্যাট ফাঁকি



কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম)

সাভারে আটলান্টা স্টিল অ্যান্ড টেকনোলজিস লিমিটেড নামের একটি প্রতিষ্ঠানের কারখানায় অভিযান চালিয়ে ১২ কোটি ১৩ লাখ টাকার ভ্যাট ফাঁকির তথ্য উদ্ঘাটন করেছেন কাস্টমস কর্মকর্তারা। গত দেড় বছরে প্রতিষ্ঠানটি এই পরিমাণ ভ্যাট ফাঁকি দিয়েছে বলে তদন্তে নিশ্চিত হয়েছে।

ঢাকা পশ্চিমের কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের কমিশনার ড. মইনুল খান কালের কণ্ঠকে বলেন, 'রাজস্ব হচ্ছে উন্নয়নের অক্সিজেন। দেশের উন্নয়নে আমরা রাজস্ব আদায়ে কঠোর অবস্থানে আছি। বারবার তাগাদা দেওয়ার পরও যারা ভ্যাট ফাঁকি দিচ্ছে আমরা সেসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়েছি।'

এ বিষয়ে ঢাকা পশ্চিমের ভ্যাট কমিশনারেটের তদন্ত প্রতিবেদনে বলা হয়েছে, সাভারের আশুলিয়ার বঙ্গবন্ধু রোডে অবস্থিত আটলান্টা স্টিল অ্যান্ড টেকনোলজিস লিমিটেড ঢাকা পশ্চিম ভ্যাট কমিশনারেটের ভুয়া নিবন্ধন ব্যবহার করে দিনের পর দিন ভ্যাট ফাঁকি দিয়ে আসছিল। প্রতিষ্ঠানটি মূলত বিভিন্ন স্টিল স্ট্রাকচার ও বিদ্যুতের সরঞ্জাম তৈরি করে থাকে। গোপন সংবাদের ভিত্তিতে সাভার ভ্যাট বিভাগের প্রধান উপকমিশনার খায়রুল আলমের নেতৃত্বে গত ২৯ ডিসেম্বর ওই প্রতিষ্ঠানের ফ্যাক্টরিতে আকস্মিক পরিদর্শনে যান ভ্যাট কর্মকর্তারা। এ সময় ফ্যাক্টরি প্রাঙ্গণ থেকে নিবন্ধন রেজিস্টার ও অন্যান্য বাণিজ্যিক কাগজপত্র জব্দ করা হয়।

এসব কাগজপত্র পরীক্ষায় প্রমাণিত হয় যে প্রতিষ্ঠানটির আয়-ব্যয়ের হিসাবসংক্রান্ত দলিল এবং ইস্যুকৃত মূসক চালান অনুযায়ী মাসিক দাখিলপত্র পেশ করা হয়নি। ২০১৮-১৯ অর্থবছরে আয়-ব্যয় হিসাব অনুযায়ী প্রতিষ্ঠানটি প্রকৃতপক্ষে বিক্রি করেছে প্রায় ১২৬ কোটি টাকার পণ্য। কিন্তু তারা ভ্যাট জমা দিয়েছে মাত্র ছয় কোটি ৬৯ লাখ টাকা। প্রাথমিক হিসাব অনুসারে প্রতিষ্ঠানটির আরো ১২ কোটি ১৩ লাখ টাকার ভ্যাট বকেয়া আছে।

অভিযানে জব্দ করা কাগজপত্রের মধ্যে ডুপ্লিকেট ফরম মূসক ৬.৩ নামের বেশ কয়েকটি বইও পাওয়া যায়। প্রতিষ্ঠানটির বিরুদ্ধে তদন্ত শেষে ভ্যাট আইনের আওতায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে।